# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।
বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট ঃ www.bb.org.bd

শ্রাবণ ০২, ১৪১৮
এফ,ই সার্কুলার নং- ১২ তারিখ ঃ----------------
জুলাই ১৭, ২০১১

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়,

সরকারী ও বেসরকারী খাতের পাটকলসমূহের উৎপাদিত পাটজাত পণ্য
রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকী প্রদান প্রসংগে ।

শিরোনামোক্ত বিষয়ে আগষ্ট ২৩, ২০১০ তারিখে জারিকৃত এফ,ই সার্কুলার নং ১৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাইতেছে যে, পাটকলে উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশনের পাশাপাশি টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের বিপরীতে ভর্তুকী সুবিধা প্রদান বিষয়ে উল্লিখিত সার্কুলারে জ্ঞাপিত নির্দেশনা নিম্নোক্তভাবে সংশোধন করা হইল ঃ

(ক) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধের শর্তটি রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকিতে হইবে । সংশ্লিষ্ট রপ্তানি পণ্যের সঠিক মূল্য ও পরিমান এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কে বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন (বিজেএমএ)/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন (বিজেএসএ) কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন সনদপত্র (সংযোজনী-ক মোতাবেক) দ্বারা সমর্থিত হইতে হইবে । আগামী এক বছর বিজেএমএ এবং বিজেএসএ তাহাদের আওতাধীন সদস্যদের অনুকূলে প্রত্যয়ন সনদপত্র ইস্যু করিবে । এসোসিয়েশনদ্বয় কর্তৃক সনদপত্র ইস্যুকরণ কার্যক্রম বস্ত্র ও পাট মন্ত্রণালয় পর্যবেক্ষণ করিবে; পরবর্তীতে উল্লিখিত কার্যক্রমে কোন ব্যত্যয় পরিলক্ষিত হইলে বিষয়টি সরকার কর্তৃক পুনঃবিবেচনা করা হইবে ।

(খ) টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন শর্তযুক্ত রপ্তানি ঋণপত্র/চুক্তিপত্রের বিপরীতে রপ্তানির ক্ষেত্রে অনুমোদিত ডিলার ব্যাংক শাখাকে বিদেশী ক্রেতার যথার্থতা, মূল্যের সঠিকতা এবং বাংলাদেশ হইতে প্রকৃত রপ্তানির বিপরীতে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য প্রত্যাবাসন সম্পর্কে টিটি বার্তার ভাষ্য ও অন্যান্য কাগজপত্রের ভিত্তিতে নিশ্চিত হইয়া এতদ্‌বিষয়ে ঘোষনা প্রদান করিতে হইবে ।

(গ) টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের বিপরীতে নগদ ভর্তুকীর আবেদন পাকিস্তান, হংকং ও সিংগাপুর ব্যতীত অন্যান্য দেশে রপ্তানির জন্য প্রযোজ্য হইবে ।

(ঘ) টিটি'র মাধ্যমে প্রাপ্ত অগ্রিম মূল্যের বিপরীতে নগদ ভর্তুকীর আবেদন বিবেচনার ক্ষেত্রে আমদানিকারকের দেশ হইতে টিটি রেমিটেন্স এর অর্থ প্রত্যাবাসন আবশ্যক হইবে । তবে যে সকল দেশ হইতে সরাসরি রপ্তানি মূল্য প্রত্যাবাসনে সমস্যা রহিয়াছে সে সকল দেশে পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে তৃতীয় কোন দেশ হইতে ব্যাংকিং চ্যানেলে (এক্সচেঞ্জ হাউস ব্যতীত) রপ্তানি মূল্য প্রত্যাবাসিত হইলে টিটি বার্তার ভাষ্যে আমদানিকারকের নাম ও আমদানির সূত্র উল্লেখ থাকিতে হইবে ।

(ঙ) জুলাই ০১, ২০১০ তারিখ হইতে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে টিটি'র মাধ্যমে অগ্রিম মূল্য পরিশোধ পদ্ধতি কার্যকর হইবে ।

২। রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশন এর বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানিমূল্য রপ্তানিকারকের ব্যাংকের বিদেশস্থ নষ্ট্রো হিসাবে আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নগদ ভর্তুকীর আবেদনপত্র দাখিল করিতে হইবে । পণ্য জাহাজীকরণের পূর্বে অগ্রিম টিটি'র বিপরীতে সম্পূর্ণ মূল্য প্রত্যাবাসিত হইলে পণ্য জাহাজীকরণের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নগদ ভর্তুকীর আবেদনপত্র দাখিল করিতে হইবে । অপরদিকে পণ্য জাহাজীকরণের পূর্বে রপ্তানি মূল্য আংশিক প্রত্যাবাসিত ও পণ্য জাহাজীকরণের পর অবশিষ্ট মূল্য প্রত্যাবাসিত হইলে ঐ অবশিষ্ট মূল্য প্রত্যাবাসনের তারিখ হইতে ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নগদ ভর্তুকীর

চলমান পাতা - ০২

আবেদনপত্র দাখিল করিতে হইবে । তবে আলোচ্য সার্কুলার জারির তারিখ হইতে আবেদনপত্র দাখিলের জন্য নির্দেশিত সময়সীমা অতিবাহিত হইলে অত্র সার্কুলার জারির তারিখ হইতে ৬০ দিনের মধ্যে নগদ ভর্তুকীর আবেদনপত্র বিবেচনাযোগ্য হইবে ।

৩। সকল ক্ষেত্রে (রপ্তানি বিল নেগোশিয়েশন/কালেকশন ও অগ্রিম টিটি) নগদ ভর্তুকী প্রদানের পূর্বে বাংলাদেশ ব্যাংক কর্তৃক অনুমোদিত অডিট ফার্ম দ্বারা মূল্য প্রত্যাবাসন ও নগদ ভর্তুকী সম্পর্কিত যাবতীয় ডকুমেন্টস পরীক্ষা-নিরীক্ষা ও যাচাইয়ের ভিত্তিতে নগদ ভর্তুকী প্রদেয় হইবে । তবে নিরীক্ষা কার্যক্রম সম্পাদনের পূর্বে নগদ ভর্তুকী বাবদ প্রাপ্য অর্থের ৭০% তাৎক্ষণিকভাবে এবং অবশিষ্ট ৩০% নিরীক্ষা শেষে পরিশোধের ক্ষেত্রে সেপ্টেম্বর ০৮, ২০০৯ তারিখে জারিকৃত এফই সার্কুলার নং ১৫ এর নির্দেশনা অনুসরণীয় হইবে । পাশাপাশি তাৎক্ষণিকভাবে অর্থ ছাড়ের সঠিকতার বিষয়ে ব্যাংলাদেশ ব্যাংক নিয়োজিত অডিট ফার্ম কর্তৃক কোন প্রকার সন্দেহ পোষন বা প্রত্যায়ন না করা হইলে সংশ্লিষ্ট ব্যাংক দায়ী থাকিবে এবং এফই সার্কুলার নং ১৫/২০০৯ এর ৩ নং অনুচ্ছেদের নির্দেশনা অনুযায়ী পরিশোধিত অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা হইবে ।

৪। পাটজাত পন্য রপ্তানি খাতে নগদ ভর্তুকী পরিশোধের ক্ষেত্রে প্রযোজ্য সংশ্লিষ্ট সকল এফ,ই সার্কুলার/সার্কুলার পত্রের শর্তাবলী অপরিবর্তিত থাকিবে ।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদ্‌মর্মে অবহিতকরণের জন্য অনুরোধ জানানো যাইতেছে ।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনীঃ ০১(এক) পাতা ।

(মোঃ জহিরুল হক)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৭১২০৩৭৫

সংযোজনী-ক

## বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন প্রদেয় প্রত্যয়ন সনদপত্র

পাটকলসমূহের উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে
নগদ ভর্তুকী প্রাপ্তির প্রত্যয়ন সনদপত্র ।

১। আবেদনকারী প্রতিষ্ঠানের নাম ঃ
ঠিকানা ঃ

২। রপ্তানি ঋণপত্র/রপ্তানি চুক্তিপত্রের নম্বর ঃ তারিখ ঃ মূল্যমান ঃ

৩। বিদেশী ক্রেতার নাম ঃ
ঠিকানা ঃ

৪। বিদেশী ক্রেতার ব্যাংকের নাম ঃ
ঠিকানা ঃ

৫। ক) ইনভয়েস নম্বর ঃ তারিখ ঃ
খ) ইনভয়েসে উল্লেখিত পণ্যের পরিমান ঃ মূল্য ঃ

৬। ক) রপ্তানি পণ্যে ব্যবহৃত স্থানীয় উপকরনাদির বর্ণনাঃ পরিমান ঃ মূল্য ঃ
খ) সংগ্রহসূত্র (সরবরাহকারীর নাম ও ঠিকানা)ঃ

৭। ক) রপ্তানি পণ্যের বিবরন ঃ
খ) পরিমান ঃ মূল্য ঃ

৮। জাহাজীকরনের তারিখ ঃ গন্তব্য বন্দর ঃ

৯। ইএক্সপি নম্বর ঃ তারিখ ঃ মূল্য ঃ

১০। মোট প্রত্যাবাসিত রপ্তানিমূল্য (বৈদেশিক মুদ্রায়) ঃ

১১। প্রত্যাবাসিত রপ্তানি মূল্যের সনদপত্র
ইস্যুকারী ব্যাংক শাখার নাম ঃ নম্বর ঃ তারিখ ঃ

১২। নীট এফওবি মূল্য ঃ

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

এতদ্বারা প্রত্যয়ন করা যাইতেছে যে, আমাদের নিজস্ব পাটকলে উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানির বিপরীতে নগদ ভর্তুকীর জন্য উপরোক্ত অনুচ্ছেদসমূহে উল্লেখিত বক্তব্য সঠিক ও নির্ভূল । বিদেশী ক্রেতা/আমদানিকারকের ক্রয়াদেশের যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত করা হইল ।

(রপ্তানিকারকের স্বাক্ষর ও তারিখ)

রপ্তানিকারকের উপরোক্ত ঘোষনাগুলির যথার্থতা যাচাইয়ান্তে সঠিক পাওয়া গিয়াছে; ঘোষনা মোতাবেক সঠিক মূল্যে সংগ্রহকৃত উৎপাদন উপকরণাদি সঠিক পরিমান ব্যবহারের মাধ্যমে উৎপাদিত পাটজাত পণ্য রপ্তানি করা হইয়াছে । ঘোষিত রপ্তানিমূল্য যুক্তিযুক্ত ও বিদ্যমান আন্তর্জাতিক বাজার মূল্যের সংগে সংগতিপূর্ণ পাওয়া গিয়াছে এবং বিদেশী ক্রেতার যথার্থতা/বিশ্বাসযোগ্যতা সম্পর্কেও নিশ্চিত হওয়া গিয়াছে । প্রত্যাবাসিত মূল্যের অনুকূলে উপরোক্ত রপ্তানিকারককে নগদ ভর্তুকী প্রদানের জন্য সুপারিশ করা হইল ।

বাংলাদেশ জুট মিলস এসোসিয়েশন/বাংলাদেশ জুট স্পীনার্স এসোসিয়েশন
এর দুইজন কর্মকর্তার স্বাক্ষর, তারিখ ও সীল

কোন প্রকার ঘষামাজা, কাটাছেঁড়া বা সংশোধন করা হইলে এই প্রত্যয়নপত্র বাতিল বলিয়া গণ্য হইবে ।